অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/4/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটকে আক্রান্ত করা শীতকালীন ঝড়ের পূর্বাভাসের জন্য প্রস্তুত হতে স্টেটের এজেন্সিসমূহকে নির্দেশ প্রদান করলেন

বর্তমান অনুমান অনুযায়ী নিউ ইয়র্ক সিটির উত্তরের এলাকাজুড়ে ব্যাপক বিস্তৃত 3-8 ইঞ্চি ভারি, ভেজা তুষারপাত হতে পারে; নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকায় বৃষ্টি ও তুষারের শীতকালীন মিশ্রণ দেখা যেতে পারে

এখনো আগামী দিনগুলিতে পূর্বাভাসের খুঁটিনাটি পরিবর্তিত হওয়ার সম্ভাবনা রয়েছে

নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাট, বিপজ্জনক যাত্রা এবং অন্যান্য চরম আবহাওয়ার প্রভাবের জন্য প্রস্তুত হওয়ার তাগিদ প্রদান করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি বৃহৎ উপকূলীয় আবহাওয়া সিস্টেমকে সামনে রেখে জরুরি সাড়াদান সম্পদ প্রস্তুত রাখার জন্য স্টেট এজেন্সিসমূহকে নির্দেশ প্রদান করলেন, যা স্টেটের বহু অংশে শনিবার রাতে শুরু হয়ে কিছু অংশে রবিবার পর্যন্ত চলমান ভারি, ভেজা তুষারপাত নিয়ে আসবে বলে পূর্বাভাস রয়েছে। যদিও মোট তুষারপাত এবং ঠিক কোথায় তুষার বৃষ্টিতে রূপান্তরিত হবে সেই ব্যাপারে এখনো অনিশ্চয়তা রয়েছে, কিন্তু বর্তমান পূর্বাভাস অনুযায়ী সাউদার্ন টিয়ার, মিড হাডসন, ক্যাপিটাল, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, এবং ফিঙ্গার লেকস অঞ্চলের বিভিন্ন অংশজুড়ে 3 থেকে 8 ইঞ্চি তুষারপাত হতে পারে বলে অনুমান করা যাচ্ছে, এবং নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকায় বৃষ্টি ও তুষারের শীতকালীন মিশ্রণ দেখা যেতে পারে। যেহেতু এই ধরনের পরিস্থিতির কারণে বিদ্যুৎ বিভ্রাট ও যাত্রা বিপজ্জনক হতে পারে, তাই গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে তাদের গৃহস্থালি প্রস্তুত করার, এবং একই সাথে আগামী দিনগুলিতে তাদের স্থানীয় পূর্বাভাস নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার তাগিদ প্রদান করেছেন, কারণ পূর্বাভাসের বিস্তারিত স্পষ্টতর হতে থাকবে।

"আমরা এই সপ্তাহান্তে একটি আসন্ন উপকূলীয় আবহাওয়া ব্যবস্থা সচল হতে দেখতে যাচ্ছি, এবং এর প্রস্তুতির জন্য আমি স্টেটের এজেন্সিসমূহকে জরুরি সাড়াদান সম্পদ সচল করার নির্দেশ দিয়েছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা বিভিন্ন অঞ্চলজুড়ে ভারি, ভেজা তুষারপাতের আশঙ্কা করছি, যার ফলে বিদ্যুৎ বিভ্রাট এবং যাত্রা বিপজ্জনক হওয়ার সম্ভাবনা রয়েছে। আমি নিউ ইয়র্কবাসীকে সতর্ক হতে তাগিদ দিচ্ছি। আপনার গৃহস্থালিকে প্রস্তুত করুন, স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করুন, এবং পূর্বাভাস আরো স্পষ্ট হতে হতে আগামী কিছু দিনের জন্য পরিকল্পনা করে রাখুন। একত্রে, আমরা এই ঝড়ের মোকাবেলা করতে পারবো।"

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov দেখুন। নিউ ইয়র্কবাসীদের NY অ্যালার্টে https://alert.ny.govসাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা হচ্ছে, এটি একটি বিনামূল্যের পরিষেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

এজেন্সির কর্মকাণ্ড

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ

বিভাগটি সক্রিয়ভাবে আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং আবহাওয়ার ইভেন্টে স্টেটের প্রতিক্রিয়া সমন্বয় করছে। অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্টের (Office of Emergency Management) কর্মীরা স্থানীয় সহকর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে এবং সহায়তার অনুরোধে সাড়া দেওয়ার ব্যবস্থা করতে প্রস্তুত রয়েছে। বিভাগটি স্টেটের মজুত থেকে জরুরি সাড়াদান সম্পদ ও আশ্রয়কেন্দ্রের সরবরাহ মোতায়েন করতে প্রস্তুত আছে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)

স্টেটের পরিবহন বিভাগ আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং স্টেটব্যাপী 3,692 সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদান করার জন্য প্রস্তুত আছে। ঝড়ের পুরো সময় জুড়ে এবং অগ্রাধিকারযুক্ত পরিষ্কার করার ক্রিয়া কলাপের জন্য সকল আবাসিক স্থানগুলোতে 24/7 কাজ করার জন্য কর্মী নিয়োগ করা হবে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে।ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,617টি বড় প্লাউ ট্রাক
- 149টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 343টি বড় লোডার
- 36টি স্নো ব্লোয়ার

বাস্তব সময়ের যাত্রা তথ্যের জন্য মোটরচালকদের উচিত 511 এ ফোন করা বা ভিজিট করা বা https://www.511ny.org এ মোবাইল সাইট দেখা, যা নিউ ইয়র্ক স্টেটের আনুষ্ঠানিক ট্র্যাফিক ও যাত্রা তথ্যের উৎস।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে কর্তৃপক্ষ আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং স্টেটব্যাপী 700 অপারেটর ও সুপারভাইজার নিয়ে সাড়াদান করার জন্য প্রস্তুত আছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহের তালিকা নিচে দেওয়া হলো:

- 368টি বড় ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 11টি টো প্লাও
- 67টি লোডার
- 127,000টনের বেশি লবণ প্রস্তুত

থ্রুওয়েতে গাড়িচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সহ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। থ্রুওয়েতে সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি জানার জন্য মোটরচালকেরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইল এর জন্য সাইন আপ করতে এবং X এ @ThruwayTraffic কে অনুসরণ করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট
জনসেবা বিভাগের দ্বারা নিয়ন্ত্রিত ইউটিলিটি কোম্পানিগুলোতে শীতকালীন বিরূপ আবহাওয়ায় মেরামত ও পুনরুদ্ধার কাজে অংশ নেওয়ার জন্য স্টেটব্যাপী আনুমানিক 5,500 কর্মী রয়েছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি কোম্পানিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে। আপনার সেবা বিঘ্নিত হলে পরামর্শের জন্য DPS ইউটিলিটি সেবা বিঘ্ন ওয়েবসাইটটি দেখুন।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ (State Police) আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত রয়েছে। সস্টেট পুলিশের সব চার-চাকার যান এবং বিশেষায়িত যানবাহন অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC)
DEC জরুরি অবস্থার ব্যবস্থাপনা কর্মী, পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়ায় পরিস্থিতির পর্যবেক্ষণ করছে। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ এবং নিষ্পত্তির জন্য দায়ী ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যার সম্ভাবনা এবং জলের মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য ধ্বংসাবশেষের মতো দূষণকারীর দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যেন মেনে চলেন। স্থানীয় খাঁড়ি এবং ঝর্ণাতে তুষার ফেললে এর ফলে বরফের বাঁধ সৃষ্টি হতে পারে যা কাছের এলাকায় বন্যার কারণ হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব

নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। আরো তথ্য উপলভ্য আছে এখানে https://www.dec.ny.gov/docs/water_pdf/togs5111new.pdf।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক স্টেট অফিস
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম জ্বালানীকৃত, পরীক্ষিত এবং ঝড় মোকাবেলায় ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কে গমনকারীদের https://parks.ny.gov/ চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ আপডেটগুলির জন্য তাদের স্থানীয় পার্কের অফিসে কল করা উচিত।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority)
মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। ঝড় চলাকালীন সময়ে লবণ ছিটানো, যেসব প্ল্যাটফর্ম ও সিঁড়িতে বরফ রয়েছে সেগুলো পরিষ্কার রাখা, এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখা, ট্র্যাকের উপর পড়ে থাকা গাছপালা সরানো, এবং আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলার জন্য MTA কর্মীরা নিয়োজিত থাকবেন। MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) মোটরযান চালকদের বরফে ঢাকা সড়কপথে গাড়ি চালানোর সময় সতর্কতা অবলম্বন করতে এবং গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দিচ্ছে।

সর্বশেষ সেবা সংবাদ সম্পর্কে খোঁজ রাখার জন্য, এবং এই সিস্টেমে চলাচল করার সময় সতর্কতা অবলম্বন করার জন্য গ্রাহকদের https://new.mta.info চেক করতে উৎসাহিত করা যাচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)
বন্দর কর্তৃপক্ষ তার সকল স্থাপনা জুড়ে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করে। গুরুতর আবহাওয়ার ক্ষেত্রে, সংস্থাটি প্রয়োজন অনুসারে নিয়মিত ভ্রমণ সতর্কতা এবং আপডেট জারি করে। বন্দর কর্তৃপক্ষের ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্টের জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

চলাচল:
নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।

- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন। সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
  - উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
  - আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
  - শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
  - হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
  - হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

শীতকালীন নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য https://dhses.ny.gov/safety-এ যান। নিউ ইয়র্ক স্টেটে ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে অ-জরুরি পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন 211nys.orgঠিকানায়।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

স্বদেশ নিরাপত্তা ও জরুরি পরিষেবার বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) দুর্যোগ এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ করতে, তার বিরুদ্ধে সুরক্ষা

প্রদান করতে, প্রস্তুতি নিতে, সাড়া দিতে, পুনরুদ্ধার করতে এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো বেশি তথ্যের জন্য ফেসবুকে, ইন্সট্রগ্রাম এবং X (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ @NYSDHSES ফলো করুন অথবা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন